সংবাদ

তারিখ ১৮ DEC 2006
পৃষ্ঠা ৫ কলাম ৭

২০

# জাবিতে যৌন নিপীড়ক শিক্ষকের শাস্তি দাবিতে উপাচার্যের অফিস ঘেরাও

## ● আলটিমেটাম শেষ : আজ নতুন কর্মসূচি ঘোষণা

প্রতিনিধি, জাবি

যৌন নিপীড়ক শিক্ষক ড. গোলাম মোস্তফার স্থায়ী বরখাস্ত ও প্রাথমিক তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশের জন্য বেঁধে দেয়া বাংলা বিভাগের শিক্ষার্থীদের ৭ দিনের আলটিমেটাম শেষ হলেও দাবি আদায় না হওয়ায় গতকাল রোববার মিছিল সমাবেশসহ উপাচার্য অফিস ঘেরাও করেছে তারা। এছাড়া প্রগতিশীল ছাত্রজোট ও সাংস্কৃতিক জোট একই দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। অপরদিকে দ্রুত ওই শিক্ষকের স্থায়ী বরখাস্তের দাবিতে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সব শিক্ষার্থীসহ সাংস্কৃতিক জোট ও আরও কয়েকটি ছাত্র সংগঠন নিপীড়নের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর ব্যানারে আজ সোমবার যৌথ আন্দোলন কর্মসূচি ঘোষণা করবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক ড. গোলাম মোস্তফার বিরুদ্ধে একই বিভাগের ১০ ছাত্রী যৌন নিপীড়নের অভিযোগ করার পরিপ্রেক্ষিতে গত ৯ ডিসেম্বর বিভাগীয় শিক্ষার্থীরা ঘটনা তদন্তে কমিটি গঠন ও ওই শিক্ষকের বিচার দাবিতে ৭ দিনের আলটিমেটাম দেয়। এ আলটিমেটাম গত শনিবার শেষ হলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন এখন পর্যন্ত তদন্ত রিপোর্ট প্রকাশ ও ওই শিক্ষকের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়নি। প্রশাসনের গড়িমসির প্রতিবাদে এবং দ্রুত প্রাথমিক তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ করে ওই শিক্ষকের স্থায়ী বরখাস্তের দাবিতে গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলা বিভাগের শিক্ষার্থীরা। একই দাবিতে মিছিল সমাবেশ করেছে প্রগতিশীল ছাত্রজোট ও বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক জোট। পরে আন্দোলনকারী শিক্ষার্থীরা গতকাল সকাল ১১টায় উপাচার্যের অফিস ঘেরাও করে রাখে। ২ ঘণ্টাব্যাপী এ ঘেরাও কর্মসূচি চলাকালে দাবি আদায়ের জন্য উপাচার্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের সঙ্গে দেখা করে আন্দোলনকারী ছাত্র প্রতিনিধিরা। এ সময় উপাচার্য তাদের সঙ্গে অসহযোগিতামূলক আচরণ করেছেন বলে শিক্ষার্থীরা অভিযোগ করেছে।

অপরদিকে আন্দোলনকারী বাংলা বিভাগের ছাত্র প্রতিনিধি ও সাংস্কৃতিক জোটসহ অন্যান্য ছাত্র প্রতিনিধিরা দ্রুত তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ করে ওই শিক্ষকের স্থায়ী বরখাস্তের দাবিতে যৌথভাবে নিপীড়নের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর ব্যানারে তীব্র আন্দোলনের হুমকি দেয়। গতকাল এক সংবাদ সম্মেলনে এ হুমকি দেয়া হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তারা উপাচার্যের অসহযোগিতার নিন্দা জানিয়ে বলেছে, অবিলম্বে ওই শিক্ষকের শাস্তি না হলে যে কোন ধরনের কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। আজ সোমবার নতুন কর্মসূচি দেয়া হবে বলেও তারা জানায়।